

# IBSA Sherpas' Meeting (6 August, 2020)

August 06, 2020

## আইবিএসএ কূটনীতিক শেরপাদের বৈঠক (6, অগাষ্ট, 2020)

অগাষ্ট, 6, 2020

1. 6, অগাষ্ট, 2020 তারিখে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আইবিএসএ (ভারত, ব্রাজিল এবং দক্ষিণ আফ্রিকা) কূটনীতিক শেরপাদের বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
2. বৈঠকে, ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন বিদেশ মন্ত্রকের সচিব (অর্থনৈতিক সম্পর্ক), শ্রী রাহুল ছাবড়া। দক্ষিণ আফ্রিকা প্রজাতন্ত্র থেকে শ্রী দাভে ম্যালকমসন এবং সংঘবদ্ধ প্রজাতান্ত্রিক ব্রাজিলের কূটনীতিক, রাষ্ট্রদূত নরবের্তো মোরেতি যথাক্রমে প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন।
3. কূটনীতিকরা তাদের শেষ বৈঠক থেকে এখন অবধি আইবিএসএ-র অগ্রগতির সমীক্ষা করেছেন। আইবিএসএ কূটনীতিকরা জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের কাজকর্মেরও সমীক্ষা করেছেন।
4. কূটনীতিকরা আইবিএসএ-র কাজকর্মের অগ্রগতির জন্য তাদের সন্তোষ প্রকাশ করেছেন। কূটনীতিকরা এও উল্লেখ করেছেন যে চলতে থাকা COVID-19 অতিমারির কারণে রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদের গন্ডির মধ্যে আইবিএসএ-র নিয়মিত বৈঠকসহ অনেক কর্মকান্ডকে পিছিয়ে দিতে হয়েছে।
5. কূটনীতিকরা এই বছরের শেষ দিকে দক্ষিণ আফ্রিকার সমুদ্রতটে অনুষ্ঠিতব্য সপ্তম আইবিএসএমআর (যোথ নৌবাহিনী মহড়া) দিকে তাঁকিয়ে আছেন।
6. আইবিএসএ কূটনীতিকরা 20টি দেশে ব্যাপ্ত 31 টি দারিদ্র এবং ক্ষুদ্র লাঘব প্রকল্পে আইবিএসএ তহবিল-এর কাজকর্মের পুনরায় প্রশংসা করেছেন। আইবিএসএ তহবিল প্রভূত প্রশংসা অর্জন করেছে।
7. ভারতের উদ্যোগে 2017 সালে আরআইএস-এ আইবিএসএ ফেলোশিপ প্রোগ্রামেরও তারা প্রশংসা করেছেন। তারা পরবর্তী আইবিএসএ ফেলোশিপ প্রোগ্রামের দিকে তাঁকিয়ে রয়েছেন।

নিউ দিল্লি

অগাষ্ট 6, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.